রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৭, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ২৩ চৈত্র, ১৪৩২ মোতাবেক ০৬ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :―

## বা. জা. স. বিল নং ১০/২০২৬

## সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, ২০২৫ রহিতকরণকল্পে আনীত বিল

যেহেতু সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ০৩ নং অধ্যাদেশ) রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল:―

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**―(১) এই আইন সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ (রহিতকরণ) আইন, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **রহিতকরণ ও হেফাজত।**―(১) সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ০৩ নং অধ্যাদেশ), অতঃপর উক্ত অধ্যাদেশ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত অধ্যাদেশের অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা বৈধভাবে কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।


মূল্য : টাকা ৪.০০

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

দেশের উচ্চ আদালতের বিচারিক কার্যক্রমের গতিশীলতা ও বিচারক স্বল্পতা দূরীকরণে ইতিপূর্বে সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ সংক্রান্ত একটি অধ্যাদেশ জারি করা হয়েছিল। উক্ত অধ্যাদেশের অধীনে ইতোমধ্যে সুপ্রীম কোর্টে ২৫ (পঁচিশ) জন বিচারক নিয়োগ প্রদান করা হয়েছে এবং এর মাধ্যমে প্রণীত বিধানসমূহ বর্তমানে কার্যকর রয়েছে। তবে রাষ্ট্রের সর্বোচ্চ বিচারালয়ের স্থায়ী আইনগত কাঠামো নিশ্চিতকরণ এবং অধ্যাদেশটির বিধানাবলি অধিকতর যাচাই-বাছাইয়ের লক্ষ্যে উক্ত অধ্যাদেশটি বাতিলপূর্বক এর অধীনে গৃহীত কার্যাবলিকে আইনি সুরক্ষা বা হেফাজত প্রদান করা আবশ্যক।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, প্রস্তাবিত বিলে 'সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ, ২০২৫' রহিত করার প্রস্তাব করা হয়েছে। একইসাথে, বিচারিক ধারাবাহিকতা ও আইনি জটিলতা এড়াতে রহিতকৃত উক্ত অধ্যাদেশের অধীনে এযাবৎকাল কৃত সকল কাজকর্ম, গৃহীত ব্যবস্থা এবং চলমান কার্যধারাকে এমনভাবে কার্যকর রাখার বিধান রাখা হয়েছে, যেন উক্ত অধ্যাদেশটি রহিত হয়নি। মূলত পূর্ববর্তী অধ্যাদেশের অধীনে সম্পন্ন হওয়া নিয়োগ প্রক্রিয়া ও প্রশাসনিক কার্যাবলির বৈধতা সংরক্ষণ নিশ্চিতকল্পে সুপ্রীম কোর্টের বিচারক নিয়োগ (রহিতকরণ) আইন, ২০২৬ প্রণয়ন করা আবশ্যক।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd